৪৬

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 NOV 1998 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ৪ ......

# পরীক্ষাসহ বিভিন্ন অনুষ্ঠান স্থগিত

আজ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও কার্জন হল পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা, ঢাকাস্থ ভারতীয় দূতাবাসের উদ্যোগে আজ বুধবার 'ইন্টারন্যাশনাল স্টুডেন্টস ডে' উপলক্ষে পরিকল্পিত অনুষ্ঠান, বাংলাদেশ বার কাউন্সিলের হিউম্যান রাইটস ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণকারী আইজীবীদের আজ বুধবারের ক্লাসসমূহ, বিটিএন্ড টি.টি.সি.টি., কল্যাণ সমিতি কর্তৃক আয়োজিত আজকের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর নির্ধারিত অনুষ্ঠান, আজ ১১ই নভেম্বর সকাল ১০টায় ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠেয় বাংলাদেশ সাংবাদিক সমিতির ৭ম জাতীয় সম্মেলন, আজ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে অনুষ্ঠিতব্য বাংলাদেশ বেতারের 'সিকিউরিটি অফিসার', পরিবেশ অধিদফতরের 'জুনিয়র কেমিষ্ট' এবং মেরীন একাডেমীর 'শিক্ষা কর্মকর্তা (ইংরেজী)' পদের সাক্ষাৎকার স্থগিত করা হইয়াছে।

**তারিখ পরিবর্তন ঃ**

ভিকারুননিসা নূন স্কুলের দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষা স্থগিত করা হইল। যেভাবে বিষয়গুলি পর পর রুটিনে সাজানো হইয়াছে, সেইভাবেই পরবর্তী পরীক্ষা চলিবে। অর্থাৎ ৯ই নভেম্বরের বাংলা ২য় পত্র পরীক্ষা ১২ই নভেম্বর অনুষ্ঠিত হইবে।

বঙ্গবন্ধু হত্যা বিচারের রায় প্রকাশের প্রেক্ষাপটে বঙ্গবন্ধু পরিষদ সুপ্রীম কোর্ট আইনজীবী শাখার বিশেষ সাধারণ সভা ১১ নভেম্বরের পরিবর্তে ১২ নভেম্বর বৃহস্পতিবার বিকাল ৪ঃ৩০ মিঃ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি ভবনের ২নং হলে অনুষ্ঠিত হইবে।